

প্রদেশ কংগ্রেস সভাপতি বদল শুধু সময়ের অপেক্ষাঃ নারায়ণ স্বামী

আগরতলা, ৪ নভেম্বর : পি সি সি সভাপতি বদল হচ্ছে প্রকাশ্যে কর্মীদের জানিয়ে দিলেন কংগ্রেস পর্যবেক্ষক ভি নারায়ণ স্বামী । সন্ধ্যায় সার্কিট হাউসে জড়ো হওয়া হাজার হাজার কংগ্রেস কর্মীকে বললেন, এ আই সি সি আপনাদের দাবির অমর্যদা করবে না । অচিরেই কংগ্রেস সংগঠন নতুন করে সাজানো হবে । সভাপতি পদের সিদ্ধান্ত নেবেন দলের দলনেত্রী সোনিয়া গান্ধী । আমি আপনাদের দাবি বিষয়ে দিল্লি গিয়েই ম্যাডামকে চূড়ান্ত রিপোর্ট দেব। আপনাদের দাবির কোন অমর্যদা হবে না । কর্মীদের পছন্দের এবং দাবি মতোই কাজ হবে। এর আগে পি সি সি বৈঠকের শুরুতেই নারায়ণ স্বামী স্পষ্ট ভাষায় জানিয়ে দেন, অনুযোগ-অভিযোগ শুনবো ব্যক্তিগত ভাবে নেতা কর্মীদের সাথে কথা বলার সময় । তখন আলোচনা হবে সাংগঠনিক নির্বাচন নিয়ে । আরও কিছুদিন বর্তমান পি সি সি সভাপতি সমীর রঞ্জন বর্মণকে এই পদে রাখার চেষ্টার অঙ্গ হিসেবে বিরোধী দলনেতা রতন নাথ প্রথমেই ওনার ভাষণে রাজ্যে সাংগঠনিক নির্বাচনি প্রক্রিয়ার অগ্রগতি নিয়ে ভাষণ দেন । নারায়ণ স্বামী সাফ জানিয়ে দেন, পি সি সি-র সদস্য সংগ্রহ অভিযান তদারকি করার কোন অধিকার নেই । কংগ্রেসের সাংগঠনিক নিয়ম মোতাবেক সদস্যপদ সংগ্রহ অভিযানের ফর্ম বিলি করবেন জেলা সভাপতিগণ । তিনি জানান, জেলা সভাপতি ছাড়া অন্য কেউ সদস্য পদের ফর্ম দিলে তা গ্রাহ্য হবে না । তিনি জেলা সভাপতিদের নির্দেশ দেন যে কেউ সদস্যভুক্তির ফর্ম যাতে পেতে পারে তার ব্যবস্থা করতে হবে । জেলা এবং রাজ্য কমিটির প্রত্যেক সদস্য কতোটি করে ফর্ম নিতে পারবেন তাও তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দেন । কিছুক্ষণ পি সি সি বৈঠক করে তিনি চলে যান সার্কির হাউসে । সেখানে হাজার হাজার কর্মী সভাপতি বদল করার জন্য শ্লোগান দিতে থাকে । শ্লোগান উঠে রতন নাথ, বীরজিৎ সিনহা এবং সুভল ভৌমিক ও প্রশান্ত সেন চৌধুরীর নামেও । রাতে নারায়ণ স্বামী পি সি সি সভাপতি, বিরোধী দলনেতা, বিধায়ক ও অন্য নেতাদের সাথে পৃথক পৃথক বৈঠক করেন । এদিকে তিনি দুপুরে তেলিয়ামুড়ার কর্মী সভায় ভাষণ দেন । জিরানীয়ায় আক্রান্তদের বাড়ি যান । খয়েরপুরে কংগ্রেস অফিসের উদ্বোধন করেন । রাতে একবার রাজভবনে গিয়ে রাজ্যপালের সাথে দেখা করে আসেন ।

